দৈনিক বাংলা

তারিখ ...29/7/78...
পৃষ্ঠা ...4... কলাম ...5...

095



মরহুম শেখ ঈদরীছ আহমদ

# কিশোরগঞ্জে প্রবীণ শিক্ষাব্রতীর ইন্তেকাল

(নিজস্ব সংবাদদাতা প্রেরিত)

কিশোরগঞ্জ, ২৭শে জুলাই।— আজীবন শিক্ষাব্রতী ও আদর্শ শিক্ষক ঐতিহাসিক জঙ্গলবাড়ির শেখ মোঃ ইদরীছ আহমদ গত ১৩–৭–৭৮ তারিখে ৯৭ বছর বয়সে স্বীয় বাস-ভবনে ইন্তেকাল করেছেন (ইন্না-লিল্লাহে ............ রাজেউন)।

মরহুম সুদীর্ঘ ৫৬ বছরকাল জঙ্গলবাড়ি স্কুলে শিক্ষকতা করেছেন। তাঁর ছাত্রদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ডঃ ওছমান গনি, ডঃ আবদুল কাশেম, জনাব সৈয়দ বদরুদ্দীন হোসাইন, জনাব আলতামাস হোসেন প্রমুখ অনেকেই স্ব স্ব ক্ষেত্রে দেশজোড়া সুখ্যাতি অর্জন করেছেন।

শিক্ষক সুলভ আদর্শ চরিত্র, শিক্ষানুরাগ ও নিষ্ঠা এবং নির্লোভ মনোবৃত্তি প্রভৃতি ছিল তাঁর চরিত্রের বৈশিষ্ট্য।

তিনি স্ত্রী, পাঁচ পুত্র তিন কন্যা ও অনেক নাতি-নাতনী ও অসংখ্য কৃতী ছাত্র রেখে গেছেন।